

# ANM GNM জীবন বিজ্ঞান

30  
30টি প্রশ্ন

ফ্রি  
ক্লাস

বিগত বছরের প্রশ্ন ও উত্তর



30টি  
গুরুত্বপূর্ণ প্রশ্ন



আজকের  
ক্লাস



বিস্তারিত ব্যাখ্যা  
সহ সমাধান

অংশ নিতে হোয়াটসঅপে জয়েন করুন

PDF

PDF ডাউনলোড করুন

PDF

ফ্রি পিডিএফ নোট ডাউনলোড করুন

# আজকের ক্লাসে কী কী শিখব?

এই ফ্রি PDF টি তৈরি করা হয়েছে আপনাদের পরীক্ষার প্রস্তুতিকে আরও সহজ, স্মার্ট এবং কার্যকর করার জন্য। এখানে আমরা সিলেবাস অনুযায়ী গুরুত্বপূর্ণ প্রশ্ন, পূর্ববর্তী বছরের প্রশ্ন (PYQ) এবং পরীক্ষার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ টপিকগুলো সহজভাবে তুলে ধরেছি।

এই PDF-এ যা থাকছে —

- ✓ Previous Year Question & Answers
- ✓ Important Questions
- ✓ Quick Revision Points
- ✓ Explanation

“এই PDF টি ভালোভাবে অনুশীলন করলে তোমার Preparation একধাপ নয়, অনেকটাই এগিয়ে যাবে।”

 SUBSCRIBE

 SUBSCRIBE

মাইটোসিস কোশ বিভাজনের পর একজন পুরুষের কোষের ক্রোমোজোম সংখ্যা হল-

- [A] 44 + XX ক্রোমোজোম
- [B] 44 + XY ক্রোমোজোম
- [C] 22 + XX ক্রোমোজোম
- [D] 22 + XY ক্রোমোজোম

✓ সঠিক উত্তর: [B] 44 + XY ক্রোমোজোম

**Explanation** → একজন স্বাভাবিক মানুষের কোশে মোট 46 টি (23 জোড়া) ক্রোমোজোম থাকে। এর মধ্যে 44 টি হলো অটোজোম (যা দেহের বৈশিষ্ট্য নির্ধারণ করে)। বাকি 2 টি হলো সেক্স ক্রোমোজোম। পুরুষের ক্ষেত্রে এটি হলো XY এবং স্ত্রীলোকের ক্ষেত্রে XX।

নিম্নলিখিত কোনটি আম গাছের কোষ ও বাঁদরের কোষ উভয় স্থানেই পাওয়া যায়?

- [A] ক্লোরোপ্লাস্ট      [B] সেন্ট্রিওল  
[C] কোষ প্রাচীর      [D] কোষ পর্দা

✓ সঠিক উত্তর: [D] কোষ পর্দা

**Explanation** → ক্লোরোপ্লাস্ট- উদ্ভিদকোশে থাকে, সালোকসংশ্লেষণের জন্য প্রয়োজন হয়।

স্তন্যপায়ী প্রাণীর নিষেক প্রক্রিয়া সম্পন্ন হয়-

[A] ফ্যালোপিয়ান নালীতে [B] ডিম্বাশয়ে  
[C] জরায়ুতে [D] যোনিতে

✓ সঠিক উত্তর: [A] ফ্যালোপিয়ান নালীতে

**Explanation** → ডিম্বাশয় থেকে ডিম্বাণু বের হয়ে ফ্যালোপিয়ান নালীতে আসে। এখানেই শুক্রাণুর সাথে ডিম্বাণুর মিলন হয়ে নিষেক সম্পন্ন হয়।

ক্রেটিনিজম এবং মিক্সিডিয়ার কারণ হল-

- [A] থাইরক্সিনের অধিক ক্ষরণ
- [B] গ্রোথ হরমোনের অধিক ক্ষরণ
- [C] থাইরক্সিনের স্বল্প ক্ষরণ
- [D] গ্রোথ হরমোনের স্বল্প ক্ষরণ

✓ সঠিক উত্তর: [C] থাইরক্সিনের স্বল্প ক্ষরণ

**Explanation** → থাইরয়েড গ্রন্থি থেকে থাইরক্সিন হরমোন ক্ষরিত হয়। থাইরক্সিনের স্বল্প ক্ষরণ হলে- শিশুদের ক্ষেত্রে- ক্রেটিনিজম ও প্রাপ্তবয়স্কদের ক্ষেত্রে- মিক্সিডিমা লক্ষণ দেখা যায়।

সবুজ পাতার কোষের যে অংশে আলোক বিক্রিয়া সম্পন্ন হয়-

- [A] ক্লোরোপ্লাস্ট-এর আন্তঃপর্দা
- [B] ক্লোরোপ্লাস্ট-এর বহিঃপর্দা
- [C] ক্লোরোপ্লাস্ট-এর গ্রানা
- [D] ক্লোরোপ্লাস্ট-এর স্ট্রোমা

✓ সঠিক উত্তর: [C] ক্লোরোপ্লাস্ট-এর গ্রানা

**Explanation** → ক্লোরোপ্লাস্টের ভিতরের তরল অংশকে স্ট্রোমা বলে। এখানে এনজাইম বা উৎসেচক থাকে যা কার্বন ডাই-অক্সাইডকে শর্করায় পরিণত করে। এখানে আলোক-নিরপেক্ষ দশা বা অন্ধকার দশা ঘটে। ক্লোরোপ্লাস্টের ভিতরে থাকা চাকতির মতো অংশগুলোকে একত্রে গ্রানা বলে। এখানে ক্লোরোফিল থাকে যা সূর্যালোক শোষণ করে। এখানেই আলোক দশা সম্পন্ন হয়।

মানব হৃদয়ের হৃদযন্ত্রের সাধারণ ও প্রাকৃতিক পেসমেকারটি হল-

[A] AV নোড [B] SA নোড

[C] হিজের বাণ্ডিল [D] পারকিনজি তন্তু

✓ সঠিক উত্তর: [B] SA নোড

**Explanation** → SA নোডকে 'প্রাকৃতিক পেসমেকার' বলা হয় কারণ এটি হৃদপিণ্ডের ডান অলিন্দে অবস্থিত এবং স্বয়ংক্রিয়ভাবে বৈদ্যুতিক সংকেত তৈরি করে হৃদস্পন্দন শুরু করে। AV নোডকে 'রিজার্ড পেসমেকার' বলা হয়। যদি কোনো কারণে SA নোড কাজ না করে, তখন এটি হৃদস্পন্দন বজায় রাখার চেষ্টা করে।

শুক্ৰাণুৰ উৎপাদন স্থান হল-

[A] লেডিগ কোষ [B] শুক্ৰথলি

[C] শুক্ৰনালী [D] এপিডিডাইমিস

✓ সঠিক উত্তৰ: [B] শুক্ৰথলি

**Explanation** → লেডিগ কোষ - এখান থেকে পুরুষ হরমোন টেস্টোস্টেরন ক্ষরিত হয়, যা শুক্রাণু উৎপাদনে সাহায্য করে। শুক্রনালী- এটি কেবল শুক্রাণু পরিবহনের কাজ করে। এপিডিডাইমিস- এখানে শুক্রাণু সঞ্চিত থাকে এবং তাদের পরিণতি লাভ ঘটে।

ডারউইনের মতবাদ কোন তত্ত্বটিকে স্বীকৃতি দেয় না?

- [A] যোগ্যতমের উদ্ভর্তন
- [B] অস্তিত্বের জন্য সংগ্রাম
- [C] প্রাকৃতিক নির্বাচন
- [D] ব্যবহার-অব্যবহার তত্ত্ব

✓ সঠিক উত্তর: [D] ব্যবহার-অব্যবহার তত্ত্ব

**Explanation** → ব্যবহার-অব্যবহার তত্ত্ব - এই তত্ত্বটি ফরাসি বিজ্ঞানী ল্যামার্ক প্রদান করেছিলেন। ল্যামার্কের মতে, কোনো অঙ্গের ক্রমাগত ব্যবহার হলে সেটি সুগঠিত হয়, আর ব্যবহার না করলে সেটি ক্রমশ অবলুপ্ত হয় (যেমন- জিরাফের লম্বা গলা বা উটপাখির ডানা)।

EXAM BANGLA PUBLICATION PRESENTS:

# ANM GNM 2026 - FREE ONLINE MOCK TESTS

৫টি  
ফ্রি টেস্ট

পরীক্ষা ২০২৬:  
প্রস্তুতি শুরু করুন

1



অনলাইনে  
বাড়িতে বসে দিন

যেকোনো সময়, যেকোনো  
জায়গা থেকে

2



সাথে সাথে রেজাল্ট  
ও স্কোর কার্ড

সঠিক উত্তর ও প্রোগ্রেস চেক

3



র‍্যাঙ্ক লিস্ট  
প্রকাশিত হবে

আপনার পজিশন জানুন দেশজুড়ে

4



ফ্রি পিডিএফ  
ডাউনলোড:  
উত্তর ও ব্যাখ্যা সহ  
সম্পূর্ণ সমাধান ও ডিটেইলস

প্রিপারেশন সহজেই

অংশ নিতে হোয়াটসঅ্যাপে জয়েন করুন



হোয়াটসঅ্যাপে জয়েন করুন

অনলাইনে জয়েন করতে আমাদের গ্রুপে যুক্ত হন  
স্ক্যান করুন বা লিংকে ক্লিক করুন



Exam বাংলা™  
PUBLICATION

মানব হৃদয়ের কোন প্রকোষ্ঠের পেশীর প্রাচীর সবচেয়ে মোটা?

- [A] বাম অলিন্দ      [B] ডান অলিন্দ  
[C] বাম নিলয়      [D] ডান নিলয়

✓ সঠিক উত্তর: [C] বাম নিলয়

**Explanation** → বাম নিলয়ের প্রধান কাজ হলো অক্সিজেনযুক্ত রক্তকে প্রবল চাপের মাধ্যমে সারা শরীরে পাম্প করে পাঠিয়ে দেওয়া। এই চাপ সহ্য করার জন্য এবং রক্তকে দূরে পাঠানোর জন্য পেশীবহুল প্রাচীর অন্য সব প্রকোষ্ঠের তুলনায় প্রায় 3 গুণ বেশি মোটা এবং শক্তিশালী হয়। ডান নিলয়ের কাজ হল রক্তকে ফুসফুসে পাঠানোর, যা হৃদপিণ্ডের খুব কাছেই অবস্থিত। ডান অলিন্দ ও বাম অলিন্দ কেবল রক্ত গ্রহণ করে নিলয়ে পাঠিয়ে দেয়।

চোখের কোন অংশ প্রবেশ করা আলোর পরিমাণ নিয়ন্ত্রণ করে?

[A] রেটিনা

[B] লেন্স

[C] আইরিস

[D] কর্নিয়া

✓ সঠিক উত্তর: [C] আইরিস

**Explanation** → আইরিস- এটি চোখের রঙিন অংশ। এর মাঝখানে একটি ছিদ্র থাকে যাকে 'তারা রন্ধ্র' বা পিউপিল বলা হয়। লেন্স- এটি আলোকে প্রতিসরিত করে রেটিনার ওপর ফোকাস করতে সাহায্য করে।

নিম্নলিখিত কোনটি স্টেরয়েড হরমোন নয়?

- [A] অ্যালডোস্টেরন [B] ইস্ট্রোজেন  
[C] অ্যান্ড্রোজেন [D] থাইরক্সিন

✓ সঠিক উত্তর: [D] থাইরক্সিন

**Explanation** → থাইরক্সিন- এটি একটি অ্যামাইনোডার্মী হরমোন। স্টেরয়েড হরমোন- মূলত কোলেস্টেরল থেকে উৎপন্ন হয় এবং লিপিড বা ফ্যাটে দ্রবণীয়।

মানুষের স্বাভাবিক মূত্রের ঐষৎ হলুদ বর্ণের জন্য দায়ী রঞ্জকটি হল-

[A] অ্যাঙ্কোসায়ানিন [B] হিমোগ্লোবিন

[C] মেলানিন [D] ইউরোক্রোম

✓ সঠিক উত্তর: [D] ইউরোক্রোম

**Explanation** → ইউরোক্রোম- কে ইউরোবিলিন -ও বলা হয়। এটি আমাদের রক্তে থাকা হিমোগ্লোবিন ভেঙে যাওয়ার ফলে উপজাত পণ্য হিসেবে তৈরি হয়। লিভারে পিত্ত রঞ্জক তৈরি হওয়ার প্রক্রিয়ায় এটি উৎপন্ন হয় এবং কিডনির মাধ্যমে পরিষ্কৃত হয়ে মূত্রের সাথে নির্গত হয়, যা মূত্রকে ঐষৎ হলুদ বর্ণ প্রদান করে।

কোন রক্তের গ্রুপকে “সর্বজনীন দাতা” বলা হয়?

[A] A

[B] B

[C] AB

[D] O

✓ সঠিক উত্তর: [D] O

**Explanation** → O গ্রুপের রক্তে কোনো A বা B অ্যান্টিজেন থাকে না। অ্যান্টিজেন না থাকার ফলে এই রক্ত অন্য যেকোনো গ্রুপের (A, B, বা AB) শরীরে দিলে গ্রহীতার শরীরের প্রতিরক্ষা ব্যবস্থা একে ‘শত্রু’ হিসেবে শনাক্ত করে না।

যে রক্তনালী হৃদয় থেকে রক্ত বহন করে তাকে বলা হয়-

- [A] শিরা                      [B] ধমনী  
[C] কৈশিক নালী        [D] ভেনিউল

✓ সঠিক উত্তর: [B] ধমনী

**Explanation** → ভেনিউল- এটি অত্যন্ত ছোট শিরা যা কৈশিক নালী থেকে রক্ত সংগ্রহ করে বড় শিরায় পাঠায়। কৈশিক নালী- ধমনী ও শিরার সংযোগস্থলে অবস্থিত অত্যন্ত সূক্ষ্ম জালক, যেখানে রক্ত ও কোশের মধ্যে পুষ্টি ও গ্যাসের আদান-প্রদান ঘটে। ধমনী অক্সিজেনযুক্ত রক্ত বহন করে (ব্যতিক্রম- ফুসফুসীয় ধমনী)। শিরা কার্বন ডাই-অক্সাইডযুক্ত রক্ত বহন করে (ব্যতিক্রম- ফুসফুসীয় শিরা)।

নিম্নলিখিত কোনটি জলবাহিত অসুখ নয়?

- [A] ডায়রিয়া                      [B] টাইফয়েড  
[C] ডায়াবেটিস                    [D] আমাশয়

✓ সঠিক উত্তর: [C] ডায়াবেটিস

**Explanation** → ডায়রিয়া, টাইফয়েড এবং আমাশয়- এই তিনটিই হলো জলবাহিত রোগ। দূষিত জল বা খাবারের মাধ্যমে এই রোগগুলোর জীবাণু আমাদের শরীরে প্রবেশ করে।

আমাদের লক্ষ্য শুধুমাত্র প্রশ্ন দেওয়া নয়, বরং আপনাকে এমনভাবে প্রস্তুত করা যাতে আপনি আত্মবিশ্বাসের সাথে পরীক্ষায় বসতে পারেন এবং সফল হতে পারেন।

পশ্চিমবঙ্গের মধ্যে সর্বপ্রথম এইধরনের বই!

বেস্ট সেলার প্র্যাকটিস সেট বই

ANM GNM 2026 এর জন্য Practice Set Book

বইটির বিশেষ বৈশিষ্ট্য:

- ✓ 32 টি সম্পূর্ণ প্র্যাকটিস সেট (Category 1 & 2).
- ✓ 5 টি Previous Year Question Paper (সমাধানসহ)
- ✓ 15 টি OMR শিট (বাস্তব পরীক্ষার অনুশীলনের জন্য)
- ✓ Performance Evaluation ও Progress Graph
- ✓ FREE General Knowledge Booklet

ইতিমধ্যেই হাজার হাজার ছাত্রছাত্রী এই বই ব্যবহার করছে

BUY NOW



(+91) 8001650019

Exam বাংলা™  
PUBLICATION

ANM & GNM 2026

প্র্যাকটিস সেট

with

FREE GK 10/10 BOOKLET



কোন ধরণের রক্তনালীতে রক্তের উল্টো প্রবাহ ঠেকাতে ভালু থাকে?

- [A] ধমনী                      [B] শিরা  
[C] কৈশিকনালী            [D] আর্টেরিওল

✓ সঠিক উত্তর: [B] শিরা

**Explanation** → শিরা- শিরার মধ্য দিয়ে রক্ত অপেক্ষাকৃত কম চাপে হৃদপিণ্ডের দিকে ফিরে আসে। তাই অভিকর্ষের বিপরীতে বা শরীরের নিচ থেকে রক্ত ওপরে ওঠার সময় যাতে রক্ত উল্টো দিকে প্রবাহিত হতে না পারে, সেজন্য শিরার ভেতরে নির্দিষ্ট দূরত্বে কপাটিকা বা ভালু থাকে। এটি রক্তকে কেবল একদিকে প্রবাহিত হতে সাহায্য করে।

সূর্যালোকের সাহায্যে ত্বকে কোন ভিটামিন তৈরি হয়?

- [A] ভিটামিন A      [B] ভিটামিন B  
[C] ভিটামিন C      [D] ভিটামিন D

✓ সঠিক উত্তর: [D] ভিটামিন D

**Explanation** → ভিটামিন A- প্রধানত রঙিন ফলমূল এবং শাকসবজি (যেমন গাজর) থেকে পাওয়া যায়। ভিটামিন B- এটি মূলত খাদ্যশস্য, ডিম, দুধ এবং মাংস থেকে পাওয়া যায়। ভিটামিন C- এটি টক জাতীয় ফল যেমন লেবু, আমলকী থেকে পাওয়া যায়।

নিম্নলিখিত যে অঙ্গটি রেচন তন্ত্রের অংশ নয়-

[A] মূত্রনালী

[B] জরায়ু

[C] গবিনী

[D] মূত্রথলি

✓ সঠিক উত্তর: [B] জরায়ু

**Explanation** → জরায়ু- এটি রেচন তন্ত্রের নয়, বরং স্ত্রী জনন তন্ত্রের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশ। এখানে ভ্রূণ বিকশিত হয়। গবিনী- এটি দুটি নালী যা কিডনি থেকে মূত্রকে মূত্রথলিতে নিয়ে আসে। মূত্রথলি- এখানে সাময়িকভাবে মূত্র জমা থাকে। মূত্রনালী- এই নালীর মাধ্যমে মূত্র শরীর থেকে বাইরে নির্গত হয়।

নারীর প্রজননতন্ত্রের কোন অংশ ডিম্বাণু উৎপন্ন করে?

[A] জরায়ু

[B] ডিম্বাশয়

[C] ফ্যালোপিয়ান নালী

[D] সার্ভিক্স

✓ সঠিক উত্তর: [B] ডিম্বাশয়

**Explanation** → ডিম্বাশয়- এটি স্ত্রী জননতন্ত্রের প্রধান অংশ। ডিম্বাশয় থেকেই ডিম্বাণু উৎপন্ন হয়। এছাড়া এখান থেকে ইস্ট্রোজেন ও প্রোজেস্টেরন নামক গুরুত্বপূর্ণ হরমোন ক্ষরিত হয়। ফ্যালোপিয়ান নালী- ডিম্বাণু ও শুক্রাণুর মিলন বা নিষেক সাধারণত এই নালীতে ঘটে। জরায়ু- নিষিক্ত ডিম্বাণু এখানে এসে থিতু হয় এবং ভ্রূণ হিসেবে বড় হয়ে ওঠে। সার্ভিক্স- এটি জরায়ুর নিচের সরু অংশ যা যোনিপথের সাথে যুক্ত থাকে।

পাখির দ্বারা পরাগসংযোগ পদ্ধতিকে বলা হয়-

- [A] এন্টোমোফিলি [B] অর্নিথোফিলি  
[C] অ্যানিমোফিলি [D] এলিফোফিলি

✓ সঠিক উত্তর: [B] অর্নিথোফিলি

**Explanation** → অর্নিথোফিলি: গ্রিক শব্দ 'Ornis' (পাখি) থেকে এটি এসেছে। হামিংবার্ড বা মৌটুসি পাখির মতো পাখিরা যখন ফুলের মধু খেতে আসে, তখন তাদের মাধ্যমে এই পরাগযোগ ঘটে। এন্টোমোফিলি- এটি পতঙ্গ (যেমন- মৌমাছি, প্রজাপতি) দ্বারা সম্পন্ন পরাগযোগ। অ্যানিমোফিলি- এটি বায়ু বা বাতাসের মাধ্যমে সম্পন্ন পরাগযোগ (যেমন- ধান, গম)। এলিফোফিলি- এটি অত্যন্ত বিরল, যা হাতির মাধ্যমে ঘটে (যেমন- র্যাফ্লেসিয়া ফুল)।

যে হরমোনটি মূত্রত্যাগ পদ্ধতিকে প্রভাবিত করে সেটি হল-

- [A] অ্যাড্রিনালিন      [B] ভেসোপ্রেসিন  
[C] ইস্ট্রোজেন      [D] থাইরক্সিন

✓ সঠিক উত্তর: [B] ভেসোপ্রেসিন

**Explanation** → যদি শরীরে জলের অভাব থাকে, তবে ভেসোপ্রেসিন বেশি ক্ষরিত হয় এবং মূত্রের পরিমাণ কমিয়ে দেয়। এর অভাবে 'ডায়াবেটিস ইনসিপিডাস' বা বহুমূত্র রোগ হয়, যার ফলে রোগী প্রচুর পরিমাণে লঘু মূত্র ত্যাগ করে। অ্যাড্রিনালিন-একে 'জরুরি কালীন হরমোন' বলা হয়।

থাইরক্সিন- এটি বিপাকীয় হার (BMR) নিয়ন্ত্রণ করে। ইস্ট্রোজেন- এটি নারীদেহের গৌণ যৌন বৈশিষ্ট্য নিয়ন্ত্রণ করে।

BCG টিকা যে অসুখের বিরুদ্ধে অনাক্রম্যতা দেয় তা হল-

- [A] যক্ষ্মা                      [B] মাস্পস্  
[C] জলাতঙ্ক                [D] এইডস্

✓ সঠিক উত্তর: [A] যক্ষ্মা

**Explanation** → মাস্পস্- এর জন্য MMR টিকা দেওয়া হয়। জলাতঙ্ক-এটি কুকুরে কামড়ালে বা আঁচড়ালে Anti-rabies ভ্যাকসিনের মাধ্যমে প্রতিরোধ করা হয়। এইডস্- এটি HIV ভাইরাসের মাধ্যমে হয়।

পরিপাকতন্ত্রের কোন অংশ মূলত পুষ্টি শোষণের জন্য দায়ী?

- [A] পাকস্থলী                      [B] ক্ষুদ্রান্ত্র  
[C] বৃহদান্ত্র                      [D] অগ্ন্যাশয়

✓ সঠিক উত্তর: [B] ক্ষুদ্রান্ত্র

**Explanation** → ক্ষুদ্রান্ত্র- এটি পরিপাকতন্ত্রের দীর্ঘতম অংশ। এর দেওয়ালে ভিলাই নামক আঙ্গুলের মতো অসংখ্য প্রবর্ধক থাকে, যা শোষণের তল বাড়িয়ে দেয়। পাকস্থলী- এখানে মূলত প্রোটিন জাতীয় খাদ্যের আংশিক পরিপাক হয়। বৃহদান্ত্র- এর প্রধান কাজ হলো জল এবং কিছু খনিজ পদার্থ শোষণ করা এবং বর্জ্য পদার্থ জমা রাখা। অগ্ন্যাশয়- এটি পরিপাককারী এনজাইম বা উৎসেচক তৈরি করে যা ক্ষুদ্রান্ত্রে গিয়ে খাবার হজমে সাহায্য করে।

রক্তের কোন কোষগুলি অক্সিজেন পরিবহনের জন্য দায়ী?

[A] প্লেটলেটস

[B] লিম্ফোসাইট

[C] লোহিত রক্তকণিকা

[D] শ্বেত রক্তকণিকা

✓ সঠিক উত্তর: [C] লোহিত রক্তকণিকা

**Explanation** → লোহিত রক্তকণিকায় হিমোগ্লোবিন নামক এক ধরণের আয়রন-সমৃদ্ধ প্রোটিন থাকে। এই হিমোগ্লোবিন ফুসফুস থেকে অক্সিজেনের সাথে যুক্ত হয়ে 'অক্সিজেন-হিমোগ্লোবিন' গঠন করে এবং শরীরের প্রতিটি কোষে অক্সিজেন পৌঁছে দেয়। এর আয়ুষ্কাল প্রায় 120 দিন। প্লেটলেটস- রক্ত জমাট বাঁধায় সাহায্য করে। লিম্ফোসাইট- রোগপ্রতিরোধে ভূমিকা গ্রহণ করে। শ্বেত রক্তকণিকা- রোগ প্রতিরোধ ও সংক্রমণ প্রতিরোধে সাহায্য করে।

শ্বাসযন্ত্রের কোন অংশকে 'স্বরযন্ত্র' বলা হয়?

- [A] ফ্যারিংক্র  
[B] ট্র্যাকিয়া  
[C] ল্যারিংক্র  
[D] ব্রঙ্কাই

✓ সঠিক উত্তর: [C] ল্যারিংক্র

**Explanation** → ল্যারিংক্র- ল্যারিংক্রকে ইংরেজিতে 'Voice Box' বলা হয়। এটি ফ্যারিংক্র এবং ট্র্যাকিয়ার সংযোগস্থলে অবস্থিত। এর ভেতরে থাকা 'ভোকাল কর্ড' যখন ফুসফুস থেকে আসা বাতাসের মাধ্যমে কাঁপে, তখনই শব্দ উৎপন্ন হয়। এটি খাবার গিলতে গিয়ে যাতে শ্বাসনালীতে না ঢোকে, তাও নিশ্চিত করে। ফ্যারিংক্র- এটি আমাদের মুখগহ্বরের ঠিক পেছনে অবস্থিত যা খাদ্যনালী ও শ্বাসনালীর সাধারণ পথ হিসেবে কাজ করে।

ট্র্যাকিয়া- একে শ্বাসনালী বলা হয়, যা বায়ু ফুসফুসে পৌঁছে দেয়। ব্রঙ্কাই- ট্র্যাকিয়া দুই ভাগে বিভক্ত হয়ে যখন ফুসফুসের ভেতরে প্রবেশ করে, সেই নালীগুলোকে ব্রঙ্কাই বলে।

## পরিণত মানুষের দন্ত সংকেত-

- [A] I2C2P1M3      [B] I2C1P2M3  
[C] I3C1P2M3      [D] I2C2P3M1

✓ সঠিক উত্তর: [B] I2C1P2M3

**Explanation** → মানুষের দন্ত সংকেত মুখগহ্বরের এক-চতুর্থাংশ (উপরের বা নিচের পাটির অর্ধেক অংশ) হিসেবে গণনা করা হয়। এখানে প্রতিটি অক্ষরের অর্থ হলো- I মানে Incisors বা কর্তক দন্ত-2 টি, C মানে Canines বা ছেদক দন্ত- 1 টি, P মানে Premolars বা পুরঃপেষক দন্ত- 2 টি, M মানে Molars বা পেষক দন্ত- 3 টি।

## মানব রক্তের স্বাভাবিক pH কত?

[A] 5.0 - 5.5                      [B] 6.0 - 6.5

[C] 7.35 - 7.45                    [D] 8.0 - 8.5

✓ সঠিক উত্তর: [C] 7.35 - 7.45

**Explanation** → pH স্কেলে 7 হলো নিরপেক্ষ। 7-এর নিচে অম্লীয় এবং 7-এর উপরে ক্ষারীয়। সেই হিসেবে মানুষের রক্ত সামান্য ক্ষারীয় প্রকৃতির। রক্তের এই নির্দিষ্ট pH বজায় রেখে বেঁচে থাকার জন্য অপরিহার্য। যদি pH 7.35 এর নিচে নেমে যায়, তবে সেই অবস্থাকে বলা হয় Acidosis, আর যদি 7.45 -এর উপরে উঠে যায়, তবে তাকে বলা হয় Alkalosis। আমাদের ফুসফুস এবং কিডনি প্রতিনিয়ত এই ভারসাম্য রক্ষা করে।

মানব মস্তিষ্কের কোন অংশ শ্বাস-প্রশ্বাস নিয়ন্ত্রণ করে?

[A] সেরিব্রাম

[B] সেরিবলাম

[C] মেডুলা অবলংগাটা

[D] থ্যালামাস

✓ সঠিক উত্তর: [C] মেডুলা অবলংগাটা

**Explanation** → মেডুলা অবলংগাটা- এটি মস্তিষ্কের একদম নিচের অংশ, যা মেরুদণ্ডের সাথে যুক্ত থাকে। এটি শরীরের অনৈচ্ছিক কার্যাবলি যেমন- শ্বাস-প্রশ্বাস, হৃদস্পন্দন, রক্তচাপ এবং খাবার গেলার মতো গুরুত্বপূর্ণ কাজগুলো নিয়ন্ত্রণ করে। সেরিব্রাম- এটি মস্তিষ্কের বৃহত্তম অংশ, যা চিন্তা, স্মৃতি, বুদ্ধি এবং ঐচ্ছিক কাজ নিয়ন্ত্রণ করে। সেরিবলাম- এটি শরীরের ভারসাম্য এবং পেশির চলন নিয়ন্ত্রণ করে। থ্যালামাস- এটি সংজ্ঞাবহ সংকেতগুলোকে মস্তিষ্কের সঠিক অংশে পাঠানোর 'রিলে স্টেশন' হিসেবে কাজ করে।

মেনিনজেস পর্দার মধ্যবর্তী স্থানের তরলটি হল-

[A] পেরিকার্ডিয়াল তরল

[B] CSF

[C] প্লুরাল তরল

[D] সাইনোভিয়াল তরল

✓ সঠিক উত্তর: [B] CSF

**Explanation** → CSF-কে বাংলায় বলা হয় মস্তিষ্ক-সুষুন্না রস। এটি মেনিনজেস পর্দার সাব-অ্যারাকনয়েড স্পেসে থাকে। এর প্রধান কাজ হলো মস্তিষ্ককে বাইরের আঘাত থেকে রক্ষা করা, পুষ্টি সরবরাহ করা এবং বর্জ্য নিষ্কাশন করা। পেরিকার্ডিয়াল তরল- এটি হৃদপিণ্ডের আবরণী পর্দার মধ্যে থাকে। প্লুরাল তরল- এটি ফুসফুসের আবরণী পর্দার মধ্যে থাকে। সাইনোভিয়াল তরল- এটি আমাদের অস্থিসন্ধি বা জয়েন্টে থাকে, যা ঘর্ষণ কমাতে সাহায্য করে।

EXAM BANGLA PUBLICATION PRESENTS:

# ANM GNM 2026 - FREE ONLINE MOCK TESTS

৫টি  
ফ্রি টেস্ট

পরীক্ষা ২০২৬:  
প্রস্তুতি শুরু করুন

1



অনলাইনে  
বাড়িতে বসে দিন

যেকোনো সময়, যেকোনো  
জায়গা থেকে

2



সাথে সাথে রেজাল্ট  
ও স্কোর কার্ড

সঠিক উত্তর ও প্রোগ্রেস চেক

3



র‍্যাঙ্ক লিস্ট  
প্রকাশিত হবে

আপনার পজিশন জানুন দেশজুড়ে

4



ফ্রি পিডিএফ  
ডাউনলোড:  
উত্তর ও ব্যাখ্যা সহ  
সম্পূর্ণ সমাধান ও ডিটেইলস

প্রিপারেশন সহজেই

অংশ নিতে হোয়াটসঅ্যাপে জয়েন করুন



হোয়াটসঅ্যাপে জয়েন করুন

অনলাইনে জয়েন করতে আমাদের গ্রুপে যুক্ত হন  
স্ক্যান করুন বা লিংকে ক্লিক করুন





Exam বাংলা™  
PUBLICATION

# ANM & GNM 2026


প্র্যাকটিস সেট

with

FREE GK 10/10 BOOKLET



EXAM BANGLA PUBLICATION



# Keep Practicing, Keep Improving!

- নিয়মিত Mock Test দাও।
- PYQ বারবার revise করো।
- Weak topic গুলো identify করে improve করো।

**“Success আসবে তাদের কাছেই, যারা নিয়মিত practice করে।”**

**Follow & Stay Connected**

